



ইসির সংশোধিত আদেশে ভোটকেন্দ্রে বিএনসিসি মোতায়েন স্থগিত



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে ভোটকেন্দ্রে বিএনসিসি ক্যাডেট মোতায়েনের আগের সিদ্ধান্ত থেকে সরে এসেছে নির্বাচন কমিশন।

সংশোধিত নির্দেশনায় জানানো হয়েছে, ক্যাডেটরা আর ভোটকেন্দ্রে দায়িত্ব পালন করবেন না।

মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) ইসির উপসচিব মোহাম্মদ মনির হোসেনের সই করা নতুন নির্দেশনায় বলা হয়, ১২ ফেব্রুয়ারির নির্বাচনে রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত আইটি-সাপোর্টেড পোস্টাল ব্যালট (ওসিভি ও আইসিপিভি) গণনা কেন্দ্রে শৃঙ্খলা রক্ষার কাজে ক্যাডেটরা নিয়োজিত থাকবেন।

এছাড়া ১১ ফেব্রুয়ারি থেকে নির্বাচন কমিশন সচিবালয়ের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে পাঁচটি সেকশন দায়িত্ব পালন করবে। মোতায়েন পরিকল্পনা রেজিমেন্ট কমান্ডাররা রিটার্নিং অফিসারের সঙ্গে সমন্বয় করে চূড়ান্ত করবেন এবং ক্যাডেটদের দক্ষতা, নিরপেক্ষতা ও রাজনৈতিক সংশ্লিষ্টতা যাচাই করে দায়িত্ব দেবেন।

নির্দেশনায় উল্লেখ আছে, সর্বোচ্চ তিনটি নির্বাচনী এলাকার জন্য একটি সেকশন (১ জন করপোরাল ও ১০ জন ক্যাডেট) হারে ৩০০ এলাকায় মোট ১২৩ সেকশন কাজ করবে। তারা ভোটের আগের দিন থেকে ফলাফল ঘোষণা পর্যন্ত দায়িত্ব থাকবে। এ সময় কোনো রাজনৈতিক দল, প্রার্থী বা গণভোটের পক্ষে-বিপক্ষে কার্যক্রমে অংশ নেওয়া যাবে না।

দায়িত্ব শুরুর আগে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হবে। রেজিমেন্ট কমান্ডাররা সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় করে প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করবেন।